



ভোটের আমেজে মুখর জবি ক্যাম্পাস, চলছে জকসু নির্বাচন



সংগৃহীত ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জকসু) নির্বাচনে ভোটগ্রহণ চলছে। মঙ্গলবার (৬ জানুয়ারি) সকাল ৮টা থেকে শুরু হওয়া এই ভোটাভূটি চলবে বিকাল ৩টা পর্যন্ত। ভোটগ্রহণ ঘিরে সকাল থেকেই ক্যাম্পাসে ছিল কড়া নিরাপত্তা ব্যবস্থা। শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা পরিচয় যাচাই শেষে ক্যাম্পাসে প্রবেশ করেন। বেলা বাড়ার সঙ্গে সঙ্গে ভোটকেন্দ্রগুলোতে শিক্ষার্থীদের উপস্থিতি বাড়তে থাকে। বিশেষ করে প্রথমবার ভোটাধিকার প্রয়োগ করতে পেরে অনেক শিক্ষার্থীকে উচ্ছ্বসিত দেখা গেছে। ভোটাররা নিরাপত্তা ও নির্বাচন ব্যবস্থাপনা নিয়ে ইতিবাচক মতামত দিয়েছেন।

এবার জকসুর কেন্দ্রীয় সংসদের ২১টি এবং একমাত্র ছাত্রী হল সংসদের ১৩টিসহ মোট ৩৪টি পদের জন্য প্রতিদ্বন্দ্বিতা করছেন ১৯০ জন প্রার্থী। এর মধ্যে কেন্দ্রীয় সংসদে প্রার্থী ১৫৭ জন এবং ছাত্রী হল সংসদে ৩৩ জন। নির্বাচনে মোট ভোটার সংখ্যা ১৬ হাজার ৬৬৫ জন। চারটি প্যানেলের পাশাপাশি স্বতন্ত্র প্রার্থীরাও ভোটের মাঠে রয়েছেন। পদভিত্তিক হিসাবে ভাইস প্রেসিডেন্ট (ভিপি) পদে ১২ জন, সাধারণ সম্পাদক (জিএস) পদে ৯ জন এবং সহ-সাধারণ সম্পাদক (এজিএস) পদে ৮ জন প্রার্থী লড়াই করছেন। এদিকে ভোট শুরুর আগেই ক্যাম্পাসে ঘটে একটি অনাকাঙ্ক্ষিত ঘটনা। বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা পরিচয়ে এক ব্যক্তি ভেতরে প্রবেশের চেষ্টা করলে পরিচয়পত্র দেখাতে ব্যর্থ হন। এ সময় শিক্ষার্থীরা তাকে আটক করে এবং পরে মারধরের ঘটনা ঘটে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তাকে হেফাজতে নেয়। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে বলে জানিয়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।